গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

এবং

সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

সূচিপত্র

অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র -- ৩

উপক্রমণিকা -- ৪

সেকশন ১: অধিদপ্তরের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ------------ ৫

সেকশন২: অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব ------------------------------- ৬

সেকশন৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ--- ৭

দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ৮

সংযোজনী:১ কর্মসম্পাদন সূচক, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ----------- ১১

সংযোজনী:২ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা- ১২

যুব উন্নয়ন অধিদপ্তর এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department of Youth Development)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

* **সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহঃ**

যুবদের প্রশিক্ষণ ও কর্মসংস্থানের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্য যুবদের উদ্বুদ্ধকরণ,প্রশিক্ষণদান, প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা ও আত্মকর্মসংস্থানের নিমিত্ত গত ০৩(তিন) বছরে সারাদেশে ৮,৬৫,৯২১ জনকে প্রশিক্ষণ, ৯৩,৭৫৪ জনকে ৩০৯.৮৪ কোটি টাকা প্রশিক্ষণোত্তর ঋণ বিতরণ এবং ১,৮৩,৩৪৮ জন যুবক ও যুবমহিলাকে আত্মকর্মসংস্থান প্রকল্প গ্রহণের মাধ্যমে স্বাবলম্বী করা হয়েছে।

* **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ** যুব জনসংখ্যা ক্রমবর্ধমান; এ ক্রমবর্ধমান যুবসংখ্যাকে যুবশক্তিতে রূপান্তর করা একটি চ্যালেঞ্জ। দেশের যুবশক্তিকে আত্মকর্মী হিসেবে গড়ে তোলাসহ আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ ট্রেড নির্বাচন, প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষত যুবদের প্রয়োজনীয় সহায়তা দিয়ে দক্ষ যুবশক্তি হিসেবে রপ্তানি করা একটি চ্যালেঞ্জ।

* **ভবিষ্যৎ পরিকল্পনাঃ** শিক্ষত বেকার যুবদের অস্থায়ী কর্মসংস্থানের জন্য সারাদেশে ন্যাশনাল সার্ভিস কর্মসূচি কার্যক্রম সম্প্রসারণ করা হবে। দেশ বিদেশের চাহিদা অনুযায়ী নতুন নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণ করে যুবদের প্রশিক্ষণ প্রদান করা হবে। সমাজ বিরোধী কর্মকান্ড প্রতিরোধে যুবদের সম্পৃক্তকরণের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করা হবে। ই-লার্নিং প্রক্রিয়ায় মুক্তপাঠের মাধ্যমে বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রমে যুবদের অধিকহারে সম্পৃক্ত করা হবে। আত্মকর্মীদের মধ্য থেকে উদ্যোক্তা সৃষ্টি করা হবে।

২০১৭-২০১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ন্যাশনাল সার্ভিস কর্মসূচির মাধ্যমে ৪৫,০০০ জনের অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি।
- দেশ বিদেশে কর্মসংস্থানের লক্ষ্য প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে মোট ২,৮২,০০০ জন যুবক যুবমহিলাকে প্রশিক্ষণ প্রদান।
- প্রশিক্ষিত যুবদের মধ্যে ৩৬,৮০০ জনকে ১০৭ কোটি টাকা ঋণ প্রদানের মাধ্যমে স্বাবলম্বী করা।
- সমাজ বিরোধী কর্মকান্ড প্রতিরোধে যুবদের সম্পৃক্তকরণের মাধ্যমে ১১২০টি অনুষ্ঠান আয়োজন ও জনসচেতনতা সৃষ্টি।

উপক্রমণিকা

সরকারী দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

এবং

সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সাথে ২০১৭ সালের জুন মাসের ১৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন ;

সেকশন ১

অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision) :

জাতীয় উন্নয়নে দক্ষ যুবশক্তি।

১.২ অভিলক্ষ্য (Mission) :

দক্ষ ও উৎপাদনশীল যুবসমাজ গঠনের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষ, উৎপাদনশীল ও সচেতন যুবসমাজ গঠন

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সংগে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন

২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন

৩. প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন

৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন

৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

১.8 কার্যাবলি (Functions)

১. যুবদের প্রশিক্ষণ, উন্নয়ন ও কল্যাণমুখী যাবতীয় কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে দক্ষ মানব সম্পদ তৈরি এবং তাদের জাতীয় উন্নয়নের মূলধারার সাথে সম্পৃক্তকরণ :

২. বেকার যুবদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং উন্নয়নমূলক কাজে যুবদের স্বেচ্ছায় অংশগ্রহণে উৎসাহিতকরণ, সফল যুবদের পুরস্কার প্রদান, যুব সংগঠনকে অনুদান প্রদান ও মনিটরিং;

৩. যুব উন্নয়ন কার্যক্রমের উপর গবেষণা ও জরিপ ;

৪. জাতি গঠনমূলক কাজে যুবদের সম্পৃক্তকরণ ও ক্ষমতায়ন।

সেকশন-২

দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত		লক্ষ্যমাত্রা ২০১৭-১৮	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
			২০১৫-১৬	২০১৬-১৭		২০১৮-১৯	২০১৯-২০		
কর্মসংস্থান বৃদ্ধি ১%	ন্যাশনাল সার্ভিসের অধীনে প্রশিক্ষিত ও অস্থায়ী কর্মসংস্থানে নিয়োজিত যুব সংখ্যা	জন	৩৪৯০১	৪১১০৪	৪৫০০০	৫৫০০০	৬০০০০০	যুব উন্নয়ন অধিদপ্তর	MBF এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন
	প্রশিক্ষিত যুবসংখ্যা	জন	৩১৭২৪২	২৭১০০০	২৮২০০০	২৯০০০০	৩০০০০০	যুব উন্নয়ন অধিদপ্তর	MBF এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন
	ঋণ প্রদানের মাধ্যমে উপকারভোগীর সংখ্যা	সংখ্যা	৩৬৬০০	৩৬৭০০	৩৬৮০০	৩৬৮০০	৩৬৮০০	যুব উন্নয়ন অধিদপ্তর	MBF এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন